গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ
(রাজস্ব শাখা)
www.manikganj.gov.bd

মানিকগঞ্জ জেলার ফেব্রুয়ারি ২০২৫ মাসে অনুষ্ঠিত আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: ড. মানোয়ার হোসেন মোল্লা, জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
সভার তারিখ: ২৩ ফেব্রুয়ারি, ২০২৫
সময়: সকাল ১০.০০ টা
সভার স্থান: সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ।
সভার উপস্থিতি: পরিশিষ্ট-'ক'

আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে ডিসেম্বর/২০২৪ মাসের আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। অতঃপর কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়িত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের হার	মন্তব্য
৩০	৩০	১০০%	

অতঃপর সভার আলোচ্যসূচি ও গত সভার সিদ্ধান্তসমূহের আলোকে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

০১। মুজিববর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন বিভিন্ন পর্যায়ে বরাদ্দকৃত গৃহের তথ্য:

১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে গৃহ নির্মাণ সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

উপজেলার নাম	মোট বরাদ্দপ্রাপ্ত ঘরের সংখ্যা	১ম পর্যায়ে বরাদ্দকৃত ঘরের সংখ্যা	১ম পর্যায়ে নির্মিত ঘরের সংখ্যা	২য় পর্যায়ে বরাদ্দকৃত ঘরের সংখ্যা	২য় পর্যায়ে নির্মিত ঘরের সংখ্যা	৩য় পর্যায়ে বরাদ্দকৃত ঘরের সংখ্যা	৩য় পর্যায়ে নির্মিত ঘরের সংখ্যা	৪র্থ পর্যায়ে বরাদ্দকৃত ঘরের সংখ্যা	৪র্থ পর্যায়ে নির্মিত ঘরের সংখ্যা
সদর	২৬৫	১৫	১৫	৬০	৬০	৪০	৪০	১৫০	১৫০
সিঙ্গাইর	৪০১	১২	১২	২০	২০	২০৬	২০৬	১৬৩	১৬৩
সাটুরিয়া	৫৯	৩০	৩০	২০	২০	০৯	০৯	-	-
শিবালয়	১৭৯	২১	২১	৪০	৪০	৮৩	৮৩	৩৫	৩৫
ঘিওর	১০৫	২৫	২৫	৫০	৫০	৩০	৩০	-	-
হরিরামপুর	২১৩	১২	১২	২৫	২৫	৮৭	৮৭	৮৯	৮৯
দৌলতপুর	২২৩	২০	২০	৪০	৪০	১৬৩	১৬৩	-	-
মোট	১৪৪৫	১৩৫	১৩৫	২৫৫	২৫৫	৬১৮	৬১৮	৪৩৭	৪৩৭

০২। আশ্রয়ণ প্রকল্প (ব্যারাক) বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির তথ্যাবলি:

উপজেলার নাম	মোট প্রকল্পের সংখ্যা	বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা	প্রক্রিয়াধীন প্রকল্পের সংখ্যা	পুনর্বাসিত পরিবারের সংখ্যা	কবুলিয়ত সম্পাদনের সংখ্যা	রেজিস্ট্রিকৃত দলিলের সংখ্যা	হস্তান্তরিত দলিলের সংখ্যা	নামজারীর সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
মানিকগঞ্জ সদর	০২	০১	০১	১৫০	১৫০	১৫০	১৫০	১৫০	এ জেলায় বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা ১৭ টি। শিবালয়ের দু'টি আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণ নদী গর্ভে বিলীন হয়ে গেছে। সিংগাইর উপজেলার ০১ টি (ফোর্ডনগর) আশ্রয়ণ-২ প্রকল্প-এর জমি নিয়ে ২১৪/১৫ নং সিভিল রিভিশন মামলা চলমান থাকায় প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয়নি।
ঘিওর	০৪	০৩	০১	১৩০	১৩০	১৩০	১৩০	১৩০	
দৌলতপুর	০৩	০২	০১	১০৫	১০৫	১০৫	১০৫	১০৫	
সাটুরিয়া	০২	০২	নাই	১১০	১১০	১১০	১১০	১১০	
সিংগাইর	০৭	০৬	০১	৩৭০	৩৭০	৩৭০	৩৭০	৩৭০	
হরিরামপুর	০১	০১	নাই	১০০	১০০	১০০	১০০	১০০	
শিবালয়	০২	০২	নাই	১৮০	১২০	১২০	১২০	১২০	
মোট=	২১	১৭	০৪	১১৪৫	১০৮৫	১০৮৫	১০৮৫	১০৮৫	

০৩। আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটির সভায় আলোচিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	আশ্রয়ণ প্রকল্পে বন্দোবস্তপ্রাপ্ত যে সকল বন্দোবস্ত গ্রহীতা স্থায়ীভাবে ঘর ত্যাগ করে চলে গেছেন, তাদের বন্দোবস্ত বাতিলপূর্বক নতুন করে বন্দোবস্ত প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, বন্দোবস্ত বাতিলের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় নথিতে সংযুক্ত করতে হবে: ক) সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সরেজমিন তদন্ত প্রতিবেদন; খ) বন্দোবস্ত গ্রহীতাগণ কর্তৃক ৩০০/- টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঘরে বসবাস করবেন না মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; গ) রেজিস্ট্রিকৃত কবুলিয়ত দলিল ফেরত দিতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, (সকল) সহকারী কমিশনার (ভূমি), (সকল) ও জেলা রেজিস্ট্রার

০৪। বিভিন্ন দপ্তর/ বিভাগ প্রধানগণ কর্তৃক কার্যক্রম বিষয়ক:

ক্র: নং	দপ্তর/ অধিদপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত
০১	পুলিশ সুপারের কার্যালয়, মানিকগঞ্জ	পুলিশ সুপার, মানিকগঞ্জ এর প্রতিনিধি জানান, আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে মাদকদ্রব্য সেবন নিয়ন্ত্রণ, আইন-শৃঙ্খলা বজায় এবং যে কোন ধরনের অপ্রীতিকর পরিস্থিতি মোকাবেলায় সজাগ দৃষ্টি রাখা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে নিয়মিত মনিটরিং এর মাধ্যমে মাদক গ্রহণ, মাদকদ্রব্য সেবন নিয়ন্ত্রণ এবং আইন-শৃঙ্খলা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	সিভিল সার্জনের কার্যালয়, মানিকগঞ্জ	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে নিয়মিত পরিদর্শনপূর্বক প্রকল্পসমূহে বসবাসরত পরিবারের মধ্যে স্বাস্থ্য সচেতনতা গড়ে তোলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে নিয়মিত পরিদর্শনপূর্বক প্রকল্পসমূহে বসবাসরত পরিবারের মধ্যে স্বাস্থ্য সচেতনতা গড়ে তোলার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩	জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে নিয়মিত পরিদর্শনপূর্বক পুষ্টি বাগান করার এবং বিভিন্ন ধরনের সবজি রোপণ, বীজ বিতরণ ও বৃক্ষরোপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	যে সকল আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে যথেষ্ট জায়গা রয়েছে সে সকল প্রকল্পে পুষ্টি বাগান করে প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪	জেলা মৎস্য অধিদপ্তর, মানিকগঞ্জ	আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগী পরিবারের সদস্যরা যাতে মৎস্য চাষ করে জীবিকা নির্বাহ করতে পারে এ লক্ষ্যে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং বিভিন্ন আশ্রয়ণ প্রকল্প সংলগ্ন পুকুর সংস্কারের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয়পূর্বক আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের প্রশিক্ষণ ও পুকুর সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৫	জেলা প্রাণিসম্পদ দপ্তর, মানিকগঞ্জ	বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পে ভেড়া ও ছাগলের পিপিআর রোগের জন্য ৪ লাখ ৬২ হাজার টিকা দেয়া হয়েছে। এছাড়া বিভিন্ন আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন করে আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগী পরিবারের সদস্যদের নিয়ে হাঁস-মুরগী-গবাদি পশু পালনের জন্য প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	গবাদি পশু পালনের প্রশিক্ষণ প্রদানপূর্বক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৬	এলজিইডি, মানিকগঞ্জ	এলজিইডি, মানিকগঞ্জ-এর প্রতিনিধি হতে জানা যায়, হরিরামপুর উপজেলার ০২টি আশ্রয়ণ প্রকল্পের রাস্তা নির্মাণের বিষয়ে পত্র পাওয়া গেছে। উক্ত পত্রের ভিত্তিতে তারা বরাদ্দ প্রাপ্তির জন্য প্রস্তাব প্রেরণ করেছেন। প্রস্তাবটি অনুমোদিত হলে রাস্তা নির্মাণ করা হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে যাতায়াতের রাস্তা নেই এমন প্রকল্প চিহ্নিত করে মেরামত/ সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৭	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান, হরিরামপুর উপজেলায় ১১টি এবং সিংগাইর উপজেলায় ৩টি নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	জেলায় মোট নলকূপ স্থাপনের তথ্য এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৮	পানি উন্নয়ন বিভাগ, মানিকগঞ্জ	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বিভাগ, মানিকগঞ্জ জানান, নদী ভাঙন এলাকা চিহ্নিত করা হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয়ে অর্থ বরাদ্দের জন্য প্রস্তাব দেওয়া হয়েছে। সভায় এ বিষয়ে আলোচনা হয়।	বন্যা বা নদী ভাঙনের ফলে আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহ যাতে ক্ষতিগ্রস্ত না হয়-তা সরেজমিন পরিদর্শনপূর্বক পূর্ব প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৯	গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পের ঘরসমূহ সঠিক আছে কিনা-তা নিয়মিত পরিদর্শন করে মেরামত/সংস্কার করার জন্য প্রতিবেদন দাখিলের বিষয়ে আলোচনা হয়।	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পের ঘরসমূহ সঠিক আছে কিনা-তা নিয়মিত পরিদর্শন করে মেরামত/ সংস্কারের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
১০	মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি	সিনিয়র জেনারেল ম্যানেজার, মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি হতে একটি প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ৪র্থ পর্যায়ের (১ম ধাপ) আজিমনগর ইউনিয়নর এনায়েতপুর মৌজায় বসন্তপুর গ্রামটি মানিকগঞ্জ জেলায় অবস্থিত হলেও বিদ্যুৎ সরবরাহ করা হয় ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি থেকে। ৭৫টি ঘরে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানিয়ে পত্র প্রদান করা হয়েছে। ফরিদপুর পবিসের সহঃজেনারেল ম্যানেজার (সদস্য সেবা) এর সাথে টেলিফোনিক আলোচনা করে জানা যায় যে, ৭৫টি ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য বন্যার পানি কমে যাওয়ায় ইতোমধ্যে ০৮ স্প্যান লাইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং প্রতিটি ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদানের লক্ষ্যে অভ্যন্তরীণ ওয়্যারিং কাজ সম্পন্ন করা হয়েছে। সর্বশেষ ফরিদপুর পবিসের সহঃজেনারেল ম্যানেজার (সদস্য সেবা) এর সাথে টেলিফোনিক আলোচনা করে জানা যায় যে, ইতোমধ্যে ৫০টি ঘরে মিটার স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ঘরে লোক বসবাস না করার কারণে মিটার স্থাপন করা যায়নি। এছাড়া বিভিন্ন এলাকায় বৈদ্যুতিক ট্রান্সফর্মার চুরির প্রবণতা বৃদ্ধি পাওয়ায় জোকা আশ্রয়ণ প্রকল্পে উঠান বৈঠক করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর এর সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট ঘরগুলোতে বিদ্যুৎ সংযোগ দেয়ার ও বৈদ্যুতিক ট্রান্সফর্মার চুরি রোধে সচেতনতামূলক প্রচারণা চালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
১১	বিভাগীয় বন কর্মকর্তা, মানিকগঞ্জ	মানিকগঞ্জ জেলায় অবস্থিত বিভিন্ন আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত পরিবারকে বৃক্ষরোপণে উৎসাহ প্রদান এবং বিভিন্ন রকম গাছ লাগানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সকল আশ্রয়ণ প্রকল্প সরেজমিন পরিদর্শন করে পরিকল্পিতভাবে বৃক্ষরোপণের জন্য প্রকল্প প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১২	জেলা পরিবার পরিকল্পনা অফিস, মানিকগঞ্জ	জেলা পরিবার পরিকল্পনা অফিস, মানিকগঞ্জ-এর প্রতিনিধি জানান, আশ্রয়ণ প্রকল্প এলাকায় সক্ষম দম্পতি পরিবারের সংখ্যা ৯৭১টি এর মধ্যে ৭১১টি পরিবার-কে 'পবিরার পরিকল্পনা' গ্রহণের আওতায় আনা হয়েছে। সভায় এ বিষয়ে আলোচনা হয়।	যে সকল সক্ষম দম্পতি পরিবার পরিকল্পনা গ্রহণ করেননি তাদের তালিকা প্রস্তুত করে পরিবার পরিকল্পনা গ্রহণকারীর সংখ্যা শতভাগ উন্নীত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
১৩	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মানিকগঞ্জ	উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মানিকগঞ্জ হতে প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনে দেখা যায়, মানিকগঞ্জ জেলার সদর উপজেলার কৃষ্ণপুর ইউনিয়নে বাসুদেবপুর আশ্রয়ণ প্রকল্প-১ পরিদর্শন করা হয়েছে। এ সময় আশ্রয়ণ কেন্দ্রে বসবাসকারী উপস্থিত সকলকে মাদকের ভয়াবহতা ও মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করা হয়েছে এবং মাদকবিরোধী স্লোগান সম্বলিত লিফলেট বিতরণ করা হয়েছে।	আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন করে প্রয়োজনীয় মাদকবিরোধী অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।
১৪	বিআরডিবি, মানিকগঞ্জ	উপ-পরিচালক, বিআরডিবি জানান, আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারের সদস্যদের দ্রুত প্রশিক্ষণ প্রদান করা হবে। কিন্তু তাদের ঋণ কার্যক্রম আপাতত বন্ধ আছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারের সদস্যদের যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান করে কর্মমুখী ও উপার্জনক্ষম করার সিদ্ধান্ত গৃহীত হয়।
১৫	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মানিকগঞ্জ	আশ্রয়ণ প্রকল্পের বিদ্যালয়ে গমনযোগ্য বাচ্চাদের শতভাগ ভর্তি নিশ্চিত করা হয়েছে এবং সকলকে বই বিতরণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আশ্রয়ণ প্রকল্পের কোন বাচ্চা যাতে ঝরে না পড়ে সেদিকে খেয়াল রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
১৬	জেলা সমবায় অফিস, মানিকগঞ্জ	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পে মানিকগঞ্জ জেলায় মোট ৩৭টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	আশ্রয়ণ প্রকল্পের সদস্যের নিয়ে সমিতি গঠন অথবা সদস্যদের পার্শবর্তী কোন সমিতিতে সংযুক্ত করণের মাধ্যমে প্রতিটি সদস্যকে সমবায় সমিতির আওতায় আনার কার্যক্রম অব্যাহত রেখে নিয়মিত এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
১৭	জেলা ত্রাণ ও পুনর্বাসন কার্যালয়, মানিকগঞ্জ	পুরাতন আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনপূর্বক ভাঙা, জরাজীর্ণ ব্যারাক মেরামত ও সংস্কার করার বিষয়ে আলোচনা করা হয়।	দ্রুত মেরামত ও সংস্কারের বিষয়ে পদক্ষেপ গ্রহণপূর্বক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
১৮	মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিত উপকারভোগী মহিলাদের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে সেলাই ও অন্যান্য প্রশিক্ষণ প্রদান কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হলে জানা যায়, তারা সম্প্রতি কিছু উপকারভোগীদের ড্রেস মেকিং এর প্রশিক্ষণ প্রদান করেছেন। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদেরকে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয়পূর্বক উক্ত প্রশিক্ষণে আশ্রয়ণে বসবাসকারী মহিলাদের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
১৯	যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ	আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারের সদস্যদের বিভিন্ন ধরনের কারিগরি কাজে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলাভিত্তিক আশ্রয়ণ প্রকল্প হতে প্রশিক্ষণার্থীর তালিকা সংগ্রহপূর্বক চলমান ট্রেনিং প্রকল্পে প্রশিক্ষণ দিতে হবে।
২০	জেলা রেজিস্ট্রার অফিস, মানিকগঞ্জ	জেলা রেজিস্ট্রার, মানিকগঞ্জ-এর প্রতিনিধি জানান, ২০২১ সালে ভূমিহীন ও গৃহহীন পরিবারের অনুকূলে বন্দোবস্ত পরবর্তী সম্পাদিত কবুলিয়ত দলিল সরবরাহের জন্য প্রস্তুত করা হয়েছে। দলিলগুলো বুঝে নেয়ার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয়।	উক্ত দলিলসমূহ সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২১	জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মানিকগঞ্জ	মানিকগঞ্জ জেলায় ঝরে পড়া শিশুদের নিয়ে পরিচালিত 'আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম' গত ৩১.১২.২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে। বর্তমানে কোন কর্মসূচি চলমান নাই। আগামী জুলাই হতে নতুন প্রোগ্রাম চালু হওয়ার সম্ভাবনা রয়েছে মর্মে সভায় সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মানিকগঞ্জ জানান।	নতুন কোন প্রোগ্রাম চালু হলে সেই প্রোগ্রামের আওতায় আশ্রয়ণের ঝরে পড়া শিশুদের আনার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.০২.২০২৫

(ড. মানোয়ার হোসেন মোল্লা)
জেলা প্রশাসক
ও
সভাপতি
'আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি'
মানিকগঞ্জ
ফোন: ০২-৯৯৬৬১০৩৯৫
ই-মেইল: dcmanikganj@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৫৬০০.৩০২.০৫.০৪৫.২৩-১৪৮ (৫০)

তারিখ: ০৮ ফাল্গুন ১৪৩১
২০ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৪। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)[জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]

০৫। পুলিশ সুপার, মানিকগঞ্জ;
০৬। সিভিল সার্জন, মানিকগঞ্জ;
০৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ;
০৮। জেলা মৎস্য কর্মকর্তা, মানিকগঞ্জ;
০৯। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, মানিকগঞ্জ;
১০। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মানিকগঞ্জ;
১১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ;
১২। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মানিকগঞ্জ;
১৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ;
১৪। মেজর, ১ই বেঙ্গল, সাভার সেনানিবাস, ঢাকা;
১৫। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ, মানিকগঞ্জ;
১৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মনিকগঞ্জ;
১৭। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস, মানিকগঞ্জ;
১৮। বিভাগীয় বন কর্মকর্তা, মানিকগঞ্জ;
১৯। উপজেলা নির্বাহী অফিসার--------------------(সকল), মানিকগঞ্জ;
২০। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মানিকগঞ্জ;
২১। উপ-পরিচালক, বিআরডিবি, মানিকগঞ্জ;
২২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ;
২৩। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ;
২৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মানিকগঞ্জ;
২৫। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ;

২৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ;
২৭। জেলা রেজিস্ট্রার, মানিকগঞ্জ;
২৮। সহকারী কমিশনার (ভূমি) -----------------------(সকল), মানিকগঞ্জ এবং
২৯। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মানিকগঞ্জ।

২৬।২।২৫

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
সদস্য সচিব
'আশ্রয়ণ ও আশ্রয়ণ-২ সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি'
মানিকগঞ্জ